# Times Today BD

ডেস্ক রিপোর্ট | দেশজুড়ে | 14 June, 2025

পিরোজপুর পৌর যুবলীগের সিনিয়র সহ-সভাপতি ও সাবেক জেলা ছাত্রলীগের সাংগঠনিক সম্পাদক নাজিমুউদ্দিন সোহেলকে (৪৫) গ্রেফতার করেছে পুলিশ। শনিবার দুপুরে তাকে আদালতের মাধ্যমে কারাগারে পাঠানো হয়েছে। বিষয়টি নিশ্চিত করেছেন পিরোজপুর সদর থানার ওসি মো. রবিউল ইসলাম।

পিরোজপুর জেলা ছাত্রলীগের সাবেক সাংগঠনিক সম্পাদক ও পিরোজপুর সরকারি সোহরাওয়ার্দী কলেজ ছাত্র সংসদের সাবেক নির্বাচিত জিএস নাজিমুদ্দিন সোহেল সর্বশেষ পৌর যুবলীগের সিনিয়র সহ-সভাপতির পদে ছিলেন।

পিরোজপুর সদর থানার ওসি মো. রবিউল ইসলাম আরও জানান, নাজিমুউদ্দিন সোহেল ভারতে পালিয়ে যাওয়ার চেষ্টা করছিলেন।শুক্রবার (১৩ জুন) বিকালে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের ইমিগ্রেশন পুলিশ তাকে গ্রেফতার করে বিমানবন্দর থানায় নিয়ে যায়। সেখান থেকে পিরোজপুর সদর থানায় আনা হয়। তার নামে বিস্ফোরক দ্রব্য মামলাসহ ১৪টি মামলা রয়েছে। তিনি একাধিক মামলার ওয়ারেন্টভুক্ত আসামি।তাকে শনিবার দুপুরে আদালতের মাধ্যমে কারাগারে পাঠানো হয়েছে।

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 03:34

URL: https://www.timestodaybd.com/public/across-the-country/7864023409